

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়কের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ ছাত্রাবাস, সিলেট।

তারিখ : ২৩.০৯.২০২১

ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা মুরারিচাঁদ কলেজ ছাত্রাবাসে ভর্তিচ্ছু ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ বিজ্ঞান (২০২২ সালের এইচ এস সি পরীক্ষার্থী), ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের অনার্স ২য় বর্ষে উত্তীর্ণ ছাত্রদের নিকট হতে ছাত্রাবাসে ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নগদ ১০০/- (একশত) টাকা নগদ প্রদানপূর্বক তথ্যকেন্দ্র থেকে ছাত্রাবাসের তত্ত্বাবধায়কের স্বাক্ষরিত ফরম সংগ্রহ করা যাবে।

ফরম সংগ্রহ ও জমাদানের সময়সূচি


২৫.০৯.২০২১ তারিখ হতে ০৫.১০.২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ০২.০০ ঘটিকা পর্যন্ত ফরম সংগ্রহ করা যাবে। ফরম যথারীতি পূরণ করে ২৫.০৯.২০২১ তারিখ থেকে ০৬.১০.২০২১ তারিখ বিকাল ০২.০০ ঘটিকার মধ্যে তথ্যকেন্দ্রে ছাত্রাবাস সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

প্রয়োজনীয় শর্ত ও কাগজপত্রাদি


১. একাদশ বিজ্ঞান শ্রেণির ছাত্রদের জন্য এসএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি এবং পাসপোর্ট সাইজের সত্যায়িত দুই কপি ছবি।
২. ২য় বর্ষ অনার্স শ্রেণির ছাত্রদের জন্য এসএসসি, এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের সত্যায়িত দুই কপি ছবি এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।

ভর্তির জন্য সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময়সূচি পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

প্রতিস্বাক্ষর


অধ্যক্ষ ২৩/০৯/২০২১
মুরারিচাঁদ কলেজ, সিলেট।
Principal
M.C. College, Sylhet.

তত্ত্বাবধায়কবৃন্দের পক্ষে


(জীবন কৃষ্ণ আচার্য্য)
তত্ত্বাবধায়ক, শহীদ শ্রীকান্ত ছাত্রাবাস
ও
সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান
মুরারিচাঁদ কলেজ, সিলেট।